দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 16 AUG 2017 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ...

# পোস্টার ছিঁড়ে ফেলায় ঢাবির ১১ শিক্ষার্থী পুলিশী তদন্তে-

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।** ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) বিজয় একাত্তর হলে ১৫ আগস্টের পোস্টার ছিঁড়ে ফেলার অভিযোগে ১১ আবাসিক শিক্ষার্থীকে পুলিশী তদন্তে পাঠিয়েছে হল প্রশাসন। এদের মধ্যে ৪/৫ জন হল শাখা ছাত্রলীগের রাজনীতির সঙ্গেও জড়িত। বাকিরা হলের সাধারণ শিক্ষার্থী।

সোমবার হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. এ জে এম শফিউল আলম ভূঁইয়া সিসি ফুটেজে এদের শনাক্ত করে শাহবাগ থানায় পাঠায়। এসময় তাদের কাছ থেকে ১১টি এন্ড্রয়েড ফোন, দুটি ল্যাপটপ এবং একটি ডেস্কটপও জব্দ করা হয়। যা হল কর্তৃপক্ষ তদন্তের স্বার্থে চেক করবে বলে জানায়। এগুলো বর্তমানে হল কর্তৃপক্ষের হেফাজতে আছে।